রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ২২, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রশাসন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/১৪ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-১১৭-আইন/২০২৪।**—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৪ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নবর্ণিত উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(২) সরকার কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।";

(খ) তপশিল-১ এর পরিবর্তে নিম্নরূপ তপশিল-১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"তপশিল-১**
**[বিধি ২ এর দফা (খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |


**মূল্য :** টাকা ৮.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | উপ-প্রশাসনিক কর্মকর্তা, সহকারী প্রশাসনিক কর্মকর্তা বা উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির ক্ষেত্রে ক্রমান্বয়ে উপ-প্রশাসনিক কর্মকর্তা, সহকারী প্রশাসনিক কর্মকর্তা ও উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদ হইতে অগ্রাধিকার ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হইবে। |
| ৩। | উপ-প্রশাসনিক কর্মকর্তা। | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি। |
| ৪। | সহকারী প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬। | উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ডাটা এন্ট্রি-কন্ট্রোল অপারেটর বা রেকর্ড কিপার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৭। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) শতকরা ২০ (বিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৮০ (আশি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) প্রসেস সার্ভার বা দপ্তরি পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি অথবা অফিস সহায়ক বা অর্ডারলি পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি; এবং<br>(খ) তপশিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | ডাটা এন্ট্রি-কন্ট্রোল অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯। | রেকর্ড কিপার | ৩০ বৎসর | (ক) শতকরা ২০ (বিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৮০ (আশি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রসেস সার্ভার বা দপ্তরি পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি অথবা অফিস সহায়ক বা অর্ডারলি পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি; এবং<br>(গ) তপশিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | (ক) ড্রাইভার/ গাড়ী চালক (ভারী লাইসেন্সধারী)<br>(খ) ড্রাইভার/ গাড়ী চালক (হালকা লাইসেন্সধারী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সসহ হালকা বা, ক্ষেত্রমত, ভারী যানবাহন চালনায় পারদর্শী; এবং<br>(গ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | প্রসেস সার্ভার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ডেসপাস রাইডার, অফিস সহায়ক, অর্ডারলি বা নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) পরিচ্ছন্নতা কর্মী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | দপ্তরি | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ডেসপাস রাইডার, অফিস সহায়ক, অর্ডারলি বা নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) পরিচ্ছন্নতা কর্মী বা মালি পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩। | ডেসপাস রাইডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মোটরসাইকেল চালনায় বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী; এবং<br>(গ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্ঠিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | অর্ডারলি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৬। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী; এবং<br>(গ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) শতকরা ৮০ (আশি) ভাগ পদ জাত হরিজনগণের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেইক্ষেত্রে সাধারণ প্রার্থীগণের মধ্য হইতে সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮। | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) রান্নার কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯। | মালি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তপশিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। ”; |

(গ) তপশিল-২ এ উল্লিখিত “সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর,” শব্দগুলি, চিহ্নগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে;

(ঘ) তপশিল-৩ এর পরিবর্তে নিম্নরূপ তপশিল-৩ প্রতিস্থাপিত হইবে, যথা :—

**তফসিল-৩**

**[তপশিল-১ এর ক্রমিক নং ৫, ৭ ও ৯ দ্রষ্টব্য]**

হিসাব রক্ষক, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও রেকর্ড কিপার পদে প্রার্থীগণের পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে প্রযোজ্য সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী সর্বনিম্ন গতি। | | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| হিসাব রক্ষক/ রেকর্ড কিপার | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা।**—(১) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে;

(২) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।";

(ঙ) তপশিল-৪ এ উল্লিখিত "সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর," এবং "সরাসরি নিয়োগ" শব্দগুলি, চিহ্নগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে;

(চ) তপশিল-৬ এ উল্লিখিত "দপ্তরি," শব্দ ও কমা বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd